

ফাতওয়া নাস্বার: ২৩৮

প্রকাশকাল: ১৮-০২-২০২২ ইং

## হারাম উপার্জনকারীর কাছ থেকে কি সাদাকা নেয়া যাবে?

### প্রশ্ন:

এক ব্যক্তি ব্যাংকে চাকরি করে। এটাই তার উপার্জনের একমাত্র মাধ্যম। এছাড়া তার কোন হালাল উপার্জন নেই। এমন ব্যক্তি যদি জিহাদের জন্য সাদাকা করতে চায় তাহলে কি তা নেয়া যাবে?

প্রশ্নকারী- আসাদুল্লাহ

### উত্তর:

বিসমিল্লাহির রাহমানির রাহীম

হারাম টাকা থেকে কোনো প্রকারে উপকৃত হওয়া বা দান করা কোনোটিই জায়েয নেই। বরং কারো কারো মতে এ ধরনের অর্থ সওয়াবের নিয়তে দান করা কুফরি। এমতাবস্থায় তার সাদাকা নেয়া তাকে হারামে সহযোগিতা করার নামাস্তরা। তাই জিহাদ বা অন্য যেকোনো দীনি কাজে তার দান নেয়া থেকে বিরত থাকতে হবে এবং তাকে এ হারাম পথ থেকে ফিরিয়ে আনার চেষ্টা করতে হবে।

তবে সে যদি তার কৃতকর্মের উপর অনুতপ্ত হয়ে আল্লাহর কাছে তাওবা করে এবং হারাম থেকে মুক্তি পেতে চায়, তাহলে তার কর্তব্য হলো, সাওয়াবের নিয়ত ছাড়া শুধু হারামের দায়ভার থেকে মুক্তির উদ্দেশ্যে হারাম অর্থ গরীব-অসহায়দের মাঝে বণ্টন করে দেয়া কিংবা মুসলিমদের কোন জনকল্যাণমূলক কাজে খরচ করা। এভাবে দিলে উক্ত অর্থ জিহাদের জন্য নিতে সমস্যা নেই। বরং ইবনে তাইমিয়া রহ. এ ধরনের সম্পদ জিহাদে খরচ করা উত্তম বলেছেন। তিনি বলেন,

ومن أراد التخلص من الحرام والتوبة ولا يمكن رده إلى أصحابه فلينفقه في سبيل الله عن أصحابه فإن ذلك طريق حسنة إلى خلاصه مع ما يحصل له من

أجر الجهاد. -مجموع الفتاوى 422-421/28، الناشر: مجمع الملك فهد لطباعة المصحف الشريف، المدينة النبوية، المملكة العربية السعودية

‘যে ব্যক্তি হারাম থেকে দায়মুক্ত হতে চায় এবং তওবা করতে চায়; অথচ তা মালিকের নিকট পৌঁছানো সম্ভব নয়, তাহলে সে যেন তা মালিকের পক্ষ থেকে জিহাদের পথে খরচ করে। এটা দায়মুক্তির উত্তম পথ এবং এতে সে জিহাদে অংশ গ্রহণেরও সওয়াব পাবে।’ - মাজমুউল ফাতাওয়া ২৮/৪২১-৪২২

-রদ্দুল মুহতার ২/২৯২, ফাতাওয়া হিন্দিয়া ৫/৩৯৬, ফাতাওয়া রশিদিয়া ২/৩৮১, ইমদাদুল ফাতাওয়া (জাদিদ) ৭/৩০, আহকামুল মালিল হারাম ২৭০-২৭১

আরও দেখুন:

ফতোয়া নং ১৫৯: ‘বান্দার হক ফিরিয়ে না দিয়ে দান করে দিলে কি দায়মুক্ত হওয়া যাবে?’

ফতোয়া নং ১৭৫: ‘সুদের টাকা কোথায় সদকা করা উত্তম?’

ফতোয়া নং ২৩০: ‘সুদের টাকা জিহাদের ফাশ্বে দান করে দিলে কি সুদের গুনাহ থেকে মুক্তি পাওয়া যাবে?’

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনছ)

০৬-০৭-১৪৪৩ হি.

০৮-০২-২০২২ ঙ.

